

# ওষুধ এবং বিষক্রিয়া

## শিশুদের নিরাপদ রাখা

বিষাক্ত কিছু গিলে ফেলেছে এই সন্দেহে প্রতি সপ্তাহে পাঁচ বছরের কম বয়সী প্রায় 500 শিশুকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বেশিরভাগ বিষক্রিয়ার দুর্ঘটনায় ওষুধ, গৃহস্থালি পণ্য এবং প্রসাধনী সংশ্লিষ্ট থাকে। ওষুধ থেকে বিষক্রিয়া হল সবচেয়ে সাধারণ রূপ।

- ওষুধগুলিকে উঁচুতে রাখুন এবং নাগালের বাইরে রাখুন।
- বিষাক্ত হতে পারে এমন কিছু নাগালের বাইরে রাখুন - এর মধ্যে রয়েছে সমস্ত ওষুধ এবং পিল, অ্যালকোহল, গৃহস্থালির ক্লিনার, তরল ধোয়ার ট্যাবলেট এবং বাগানের পণ্য, সেগুলিকে একটি তালাবদ্ধ আলমারিতে রাখলে ভাল হয়।
- শিশু-প্রতিরোধী ঢাকনা আছে এমন পাত্র ব্যবহার করুন - সচেতন থাকুন যে তিন বছর বয়সের মধ্যে, অনেক শিশুই এই শিশু-প্রতিরোধী ঢাকনা খুলে ফেলতে পারে।
- সমস্ত বিপজ্জনক রাসায়নিক পদার্থ তাদের আসল পাত্রে রাখুন - উদাহরণস্বরূপ, একটি পুরানো পানীয়ের বোতলে আগাছানাশক সংরক্ষণ করবেন না কারণ একটি ছোট শিশু এটিকে নিরাপদ কিছু ভেবে পান করার ভুল করতে পারে।
- বাইরে থাকাকালীন আপনার বাচ্চাদের কোনো গাছপালা বা ছত্রাক খাওয়া থেকে বিরত রাখুন। বিষাক্ত পাতাযুক্ত বা বেরির গাছ কেনা এড়িয়ে চলুন।
- অ্যালকোহল শিশুদের নাগালের বাইরে রাখুন।

## স্বাস্থ্য পরিদর্শক বলেন

আপনার যদি ছোট বাচ্চা থাকে, আপনার কাছে অতিথি থাকার সময় বা আপনি যখন অন্য লোকেদের সাথে দেখা করতে যান তখন অতিরিক্ত সতর্ক থাকুন। যদি আপনার বন্ধুবান্ধব এবং আত্মীয়দের শিশু না থাকে তবে তারা কিছু জিনিস বাচ্চাদের নাগালের বাইরে রাখার কথা নাও ভাবতে পারেন এবং তাদের বাসা শিশু বান্ধব নাও হতে পারে। বাচ্চাদের উপর নজর রাখা দরকার এবং আপনি ভদ্রতার সাথে তাদেরকে অ্যালকোহল, ওষুধ ও সিগারেটের মত জিনিসগুলি শিশুদের নাগালের বাইরে রাখার জন্য বলতে পারেন।

## অ্যালকোহল

এমনকি অল্প পরিমাণে অ্যালকোহলও শিশুদের মধ্যে বিষক্রিয়া তৈরি করতে পারে। অ্যালকোহল কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে প্রভাবিত করে এবং লক্ষণগুলির মধ্যে বিভ্রান্তি, বমি এবং খিঁচুনি অন্তর্ভুক্ত থাকতে পারে। শিশুর শ্বাস নিতে অসুবিধা হতে পারে এবং ত্বক লাল বা ফ্যাকাশে হতে পারে। অ্যালকোহল গ্যাগ রিফ্লেক্সকে ব্যাহত করে, যা দমবন্ধ করতে পারে। আপনার শিশু যদি অ্যালকোহল পান করে থাকে, তাহলে আপনার শিশুকে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য দ্রুত ব্যবস্থা নিন।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা  
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ

## ওষুধ সংরক্ষণ করা

ওষুধগুলিকে নাগালের বাইরে এবং ছোট বাচ্চাদের দৃষ্টির বাইরে রাখুন। এগুলিকে একটি উঁচু আলমারিতে, শিশু-প্রতিরোধী কবজা লাগানো একটি আলমারিতে, একটি তালাবন্ধ ক্যাবিনেটে বা এমনকি একটি তালাবন্ধ স্যুটকেস রাখুন। যদি কোনো ওষুধ ফ্রিজে রাখার প্রয়োজন হয়, তা যতটা সম্ভব উঁচুতে এবং লুকিয়ে রাখুন।

এগুলিকে এখানে রাখবেন না:

- আপনার খাটের পাশের টেবিলে – আপনার শিশু আপনার নজর এড়িয়ে সহজেই বেডরুমে ঢুকতে পারে।
- আপনার হ্যান্ডব্যাগে - এটি ছোট বাচ্চাদের জন্য ট্যাবলেট খোঁজার একটি প্রিয় জায়গা।

### 1

আপনি মনে করছেন যে, আপনার শিশু একটি ক্ষতিকারক ওষুধ, রাসায়নিক পদার্থ বা ব্যাটারি গিলে ফেলেছে।

### 2

বোতল বা প্যাকেটটি খুঁজুন এবং যখন আপনি চিকিৎসা সহায়তা চাইতে যাবেন তখন এটি আপনার সাথে নিয়ে যান।

### 3

আপনার শিশুকে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য দ্রুত ব্যবস্থা নিন।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা  
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

*NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ*